শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বন সংরক্ষকের কার্যালয়
## খুলনা অঞ্চল, খুলনা।

মুজিব বর্ষ MUJIB 100

স্মারক নম্বর: ২২.০১.০০০০.৪৫১.০৫.০৫০.২১.৯৩৫ তারিখ: ৩১/০৮/২০২১খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন বন অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য খুলনা বিভাগের শুধুমাত্র সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার (তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার জন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং: | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষা ও স্বাস্থ্যগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | জুনিয়র ওয়াইল্ডলাইফ স্কাউট | ২ (দুই) টি | ৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) উচ্চতা ন্যূনতম ১৬৩ সে. মি. ও বুকের মাপ ন্যূনতম ৭৬ সে.মি.। |
| ২ | অফিস সহায়ক | ৯ (নয়) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) সুস্বাস্থ্যের অধিকারী। |

### নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১। ২৫/০৩/২০২০খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। প্রার্থীদের বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী লিখিত, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে প্রার্থীদেরকে তাদের বর্তমান ঠিকানায়/বন সংরক্ষক, খুলনা অঞ্চলের ওয়েবসাইটের (www.forest.khulnadiv.gov.bd) মাধ্যমে জানানো হবে।

৪। সরকারি নির্দেশনা মোতাবেক বর্তমান প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৫। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল সনদপত্র।

(খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদসহ)।

(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৭। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৮। কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

১০। প্রার্থিত পদের নাম ও নিজ জেলা খামের উপর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য বা জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা যে কোন সময় বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

### দরখাস্ত দাখিলের নিয়মাবলী

১। চাকরির আবেদন ফরম (বন সংরক্ষক, খুলনা অঞ্চলের ওয়েবসাইট www.forest.khulnadiv.gov.bd হতে ডাউনলোড করে ব্যবহার করা যাবে। তাছাড়া বন ভবন, বয়রা, খুলনা হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে) যথাযথভাবে পূরণ করত: বন সংরক্ষক, খুলনা অঞ্চল, বন ভবন, বয়রা, খুলনার ঠিকানায় আগামী ৩০/০৯/২০২১খ্রি: তারিখ অফিস চলাকালীন পর্যন্ত ডাকযোগে/সরাসরি অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। চাকরির আবেদন ফরমে চাহিত সকল তথ্য উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। চাকরির আবেদন ফরমের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি রঙ্গীন ছবি এবং নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর ৬নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট সনদপত্রের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সংযুক্ত করতে হবে।

৪। আবেদন ফরমে স্বাক্ষরের স্থানে স্পষ্ট করে কালো কালির বলপেন দিয়ে স্বাক্ষর করতে হবে।

৫। পরীক্ষার ফি বাবদ বন সংরক্ষক, খুলনা অঞ্চল, খুলনা এর অনুকূলে ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মূল কপি) অথবা কোড নং-৬/৪৫৩১/০০০০/৮৮৩১ খাতে ট্রেজারী/সাবট্রেজারী, বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমাকৃত ১০০ (একশত) টাকার ট্রেজারী চালান (অফেরৎযোগ্য) (মূল কপি) আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৬। প্রার্থীকে তার বর্তমান ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিটসহ ৪″× ১০″ সাইজের ১টি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে দিতে হবে।

৩১/০৮/২০২১

(নির্মল কুমার পাল)
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি, খুলনা বিভাগ
ও
বিভাগীয় বন কর্মকর্তা
ব্যবস্থাপনা পরিকল্পনা বিভাগ, খুলনা।
ইমেইল: paulnirmalbgd@hotmail.com

পিসি-১০৮২/২১ (১২×৩)